"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম
৬,কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং পপঅ/সিসিএসডিপি/সেবা-১২/২০১০/৪২/ ৪১২৭

তারিখ ঃ ২৫/১১/২০১৯ খ্রিঃ

**বিষয় ঃ আগামী ০৭-১২ ডিসেম্বর, ২০১৯ইং দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্‌যাপন প্রসঙ্গে।**

সূত্র ঃ অধিদপ্তরের আইইএম ইউনিটের স্মারক নং পপঅ/সেবা ও প্রচার সপ্তাহ/২০১৯/১৩০/১৪৫৭ তারিখঃ ১৯/১১/২০১৯ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০৭-১২ ডিসেম্বর,২০১৯ইং দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্‌যাপনের উদ্যোগ নেয়া হয়েছে। এবারের পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে **"পরিবার পরিকল্পনা সেবা গ্রহণ করি, কৈশোরকালীন মাতৃত্ব রোধ করি"**। উক্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহে দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা কার্যক্রমে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করতে হবেঃ

- বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য মাসিক/ বিশেষ সভায় সেবা সপ্তাহ সম্পর্কে বিশেষ আলোচনা করতে হবে, যেখানে সেবা সপ্তাহ সফলভাবে উদযাপন উপলক্ষ্যে একটি সুনির্দিষ্ট Action plan প্রণয়ন করা হবে।
- এই চিঠি পাওয়া মাত্রই কর্মকর্তাগণ সেবা সপ্তাহ সফলভাবে সংগঠনের উদ্দেশ্যে এতদ্‌সংক্রান্ত প্রয়োজনীয় ইমপ্রেষ্ট ফান্ড, লজিস্টিক, এমএসআর চাহিদা পেশ করে অতিদ্রুত সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবার ক্ষেত্রে যেসকল স্থানে সেবাপ্রদানকারীর স্বল্পতা আছে, সেখানে রিজিওনাল কনসালটেন্ট / ডিষ্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস/কিউআইটিগণ বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), উপপরিচালক (পরিবার পরিকল্পনা) এবং সংশ্লিষ্ট Roving Team এবং NGO দের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় সংখ্যক অপারেটিং সার্জন টীম/ সেবা প্রদানকারী টীম গঠন করবেন এবং রিজিওনাল কনসালটেন্ট / ডিষ্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস/কিউআইটিগণ নিজেরাও সার্জন হিসাবে এ সকল টীমে যুক্ত হয়ে সরাসরি সেবা প্রদান করবেন এবং সেবা সপ্তাহের কার্যক্রম তদারকি করবেন। প্রশিক্ষিত চিকিৎসক কর্মকর্তাদের সর্বোচ্চ অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- মাসিক/ বিশেষ সভায় সেবা সপ্তাহে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবার ক্ষেত্রে যেখানে LAPM Roving Team এবং আইইউডি Roving Team এর সহায়তা প্রয়োজন তা নির্ধারণ করে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়/মেরী স্টোপস বাংলাদেশ এবং সংশ্লিষ্ট Roving Team কে পূর্বে অবহিত করতে হবে।
- ০৭-১২ ডিসেম্বর, ২০১৯ইং তারিখ পর্যন্ত দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিদিনই সংগঠন করে সেবা প্রদান করতে হবে। সকল চিকিৎসক কর্মকর্তাগণ স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি ও ইমপ্ল্যান্ট সেবা প্রদান করবেন এবং মহিলা চিকিৎসক কর্মকর্তা, মহিলা স্যাকমো ও পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ আইইউডি সেবা প্রদান করবেন। সেবাকেন্দ্রে প্রতিদিন সেবাপ্রদানকারীদের সার্বক্ষনিক উপস্থিতি অত্যাবশ্যক।
- প্রতি উপজেলার Hard to reach area অথবা দূরবর্তী এলাকা যেখান থেকে ক্লায়েন্ট সহজে উপজেলা সদরে আসতে পারেন না, সে সকল এলাকায় সেবা সপ্তাহের নিয়মিত সেবাদানের পাশাপাশি কমপক্ষে ০২টি অতিরিক্ত দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প আয়োজন করতে হবে।
- স্বাস্থ্য অধিদপ্তরের অধীন যেসকল মেডিক্যাল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা হাসপাতালে প্রসব পরবর্তী দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা চালু আছে, সে সকল কেন্দ্রে সেবা সপ্তাহে উক্ত সেবা প্রদান নিশ্চিত করার সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- এনজিও ও প্রাইভেট সেক্টরের সেবাকেন্দ্র সমূহে একইভাবে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প প্রতিদিনই সংগঠন করে দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা প্রদান করতে হবে।
- পুরো সেবা সপ্তাহে সিসিএসডিপি ইউনিটের লাইন ডাইরেক্টর, প্রোগ্রাম ম্যানেজার, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজারগণের সমন্বয়ে ০৭ সদস্য বিশিষ্ট একটি মনিটরিং সেল LAPM কার্যক্রম মনিটরিং করবেন।
- প্রতিদিনের সেবা প্রদানের পদ্ধতি ভিত্তিক সংখ্যা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস ইউনিট এর বিশেষ সেল বরাবর dirmis@dgfp.gov.bd, dirmisfp@gmail.com এবং কোন জরুরী প্রয়োজনে বিশেষ সেল এর দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা জনাব আবু তাহের মোঃ সানাউল্লাহ্ নূরী, উপপরিচালক (এমআইএস), মোবাইল নম্বর ০১৯১১৫০৩২৭৮২ এর সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। প্রতিদিনের সেবা প্রদানের পদ্ধতি ভিত্তিক সংখ্যার একটি কপি সিসিএসডিপি'র ই-মেইল এড্রেস ccsdpdgfp@gmail.com এ পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

অপর পৃষ্টা দ্রষ্টব্য

- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সিসিএসডিপি ইউনিট হতে ইমপ্রেষ্ট ফান্ড বরাদ্দ, লজিস্টিক ও এমএসআর এর সরবরাহ নিশ্চিত করণে প্রয়োজনীয় সর্বোচ্চ পদক্ষেপ গ্রহণ করা হবে।
- কেন্দ্রীয় পণ্যাগার, আঞ্চলিক পণ্যাগার, জেলা সংরক্ষিত পণ্যাগারসমূহ সেবা সপ্তাহ সংক্রান্ত চাহিদা অনুযায়ী দ্রুত পর্যাপ্ত সরবরাহ প্রদান নিশ্চিত করবেন।
- সকল কর্মকর্তাগণ দেশব্যাপী **"পরিবার পরিকল্পনা সেবা গ্রহণ করি, কৈশোরকালীন মাতৃত্ব রোধ করি"** বাস্তবায়নে সকল কর্মীর কার্যকর সংশ্লিষ্টতা ও অংশগ্রহণ নিশ্চিত করবেন এবং সেবা সপ্তাহ শেষে কর্মী ভিত্তিক পদ্ধতি ওয়ারী অগ্রগতি রিপোর্ট প্রেরণ করবেন।

উপরোলিখিত বিষয় সমূহের প্রতি গুরুত্ব প্রদান পূর্বক আগামী ০৭-১২ ডিসেম্বর, ২০১৯ইং তারিখে অনুষ্ঠিতব্য দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে।

Ahmed
২৮/১১/২০১৯

ডাঃ মোঃ মঈনুদ্দীন আহমেদ
লাইন ডাইরেক্টর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম।

প্রাপক ঃ ১। পরিচালক, পরিবার পরিকল্পনা,....................................বিভাগ।
২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ................................জেলা।
৩। মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
.............................উপজেলা............................জেলা।

স্মারক নং পপঅ/সিসিএসডিপি/সেবা-১২/২০১০/৪২/ ৪১২৭/১১৫০৩) তারিখ ঃ--------২৮/১১/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

জেষ্ঠ্যতার ভিত্তিতে নয় ঃ

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
২. বিভাগীয় কমিশনার, ------------------------------------------------বিভাগ।
৩. পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) --------------------------------------অত্র অধিদপ্তর।
৪. পরিচালক ও লাইন ডাইরেক্টর (সকল), .....................................................স্বাস্থ্য অধিদপ্তর।
৫. বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য (সকল) ................................বিভাগ।
৬. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা / তত্ত্বাবধায়ক, এমসিএইচটিআই,আজিমপুর, ঢাকা।
৭. জেলা প্রশাসক, -----------------------------জেলা।
৮. সিভিল সার্জন, -----------------------------জেলা।
৯. উপজেলা চেয়ারম্যান, ----------------------------উপজেলা----------------------জেলা।
১০. উপজেলা নির্বাহী কর্মকর্তা,--------------------------উপজেলা----------------------জেলা।
১১. অতিরিক্ত পরিচালক (ঔষধ সংগ্রহ ও ভান্ডার), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী,ঢাকা- আঞ্চলিক পণ্যাগার ও উপজেলা পরিবার পরিকল্পনা গুদামে আইইউডি, ইমপ্ল্যান্টসহ অন্যান্য আনুষংগিক এমএসআর এর পর্যাপ্ত সরবরাহ দ্রুত নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হল।
১২. রিজিওনাল কনসালটেন্ট/ ডিষ্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটি, -------------------------অঞ্চল/ জেলা। ব্যাপকভাবে সুপারভিশন মনিটারিং এর মাধ্যমে সর্বোচ্চ গুণগত মান নিশ্চিত করে পঃ পঃ ও মাতৃ শিশুস্বাস্থ্য সেবাসমূহ নিশ্চিত করবেন।
১৩. সহকারী পরিচালক (সিসি)/(এফপি), -------------------------------জেলা।
১৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, .........................উপজেলা......................জেলা।
১৫. মেডিক্যাল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র. .......................... জেলা।
১৬. জেলা সংরক্ষিত পণ্যাগার, --------------------জেলা।
১৭. ------------------------------------------এনজিও।
১৮. মহাপরিচালক (স্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, স্বাস্থ্য অধিদপ্তর।
১৯. মহাপরিচালক (পরিবার পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

Nzaman
২৮/১১/২০১৯

ডাঃ নাসরীন জামান
সহকারী পরিচালক (কোঃ এ্যাঃ) ও ডিপিএম।
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম।